কুষ্টিয়ায় মেয়াদোত্তীর্ণ রিএজেন্ট ব্যবহার, জরিমানা আদায়

কুষ্টিয়ার ভেড়ামারায় হাসপাতালের প্যাথলজি সেন্টারকে মেয়াদ উত্তীর্ণ রিএজেন্ট ব্যবহার করায় ৭৫ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়া জেলা শাখা।

মঙ্গলবার (২৭ ফেব্রুয়ারী) দুপুরে ভেড়ামারা উপজেলা শহর এলাকায় তিনটি ডায়াগনষ্টিক সেন্টারে এ জরিমানা করেন ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়ার সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

এসময় তিনি জানান, নিয়মিত অভিযানের অংশ হিসেবে মঙ্গলবার দুপুরের দিকে ভেড়ামারা উপজেলা শহরের এলাকার কয়েকটি প্রাইভেট হাসপাতাল ও ডায়াগনষ্টিক সেন্টারে অভিযান চালানো হয়।

এ সময় প্যাথলজিতে রোগ নির্ণয়ে মেয়াদ উত্তীর্ণ রিএজেন্ট ব্যবহার করায় ভোক্তা অধিকার আইন-২০০৯ এর ৫১ ধারায় সনো ডায়াগনস্টিক সেন্টার কে ৩০ হাজার, হেলথ গার্ডেন ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার কে ২০ হাজার টাকা এবং মামণি ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ টাকা জরিমানা করা হয় এবং ভবিষ্যতের জন্য সতর্ক করা হয়েছে। জনস্বার্থে এমন অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডা: মো: নুরুল আমিন বলেন, রিএজেন্ট গুনগতমানের না হলে কোনোভাবেই রোগ নির্নয় সম্ভব নয়। এজন্য চিকিৎসায় পরীক্ষা নিরীক্ষার ক্ষেত্রে রিএজেন্ট অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়।

এ সময় অভিযান পরিচালনায় সহযোগিতা করেন ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডা: মো: নুরুল আমিন এবং জেলা স্যানিটারি ইন্সপেক্টর মো: আরাফাত আলীসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা।